



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

SAMMILITO ISLAMI BANK PLC.

(State-owned Shariah-based Bank)

সার্কুলার লেটার নং-এসআইবি/অপস/২০২৬/০০২ (সংশোধিত)

তারিখঃ ১৩ অক্টোবর, ২০২৬

সকল বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়
জোন প্রধান/শাখা প্রধান/উপশাখা ইনচার্জ
সকল ইউনিট
সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি.

বিষয় : বিআরডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০৯ আগস্ট, ২০২৬ এর মাধ্যমে জারিকৃত ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত), অনুসারে অ-প্রাতিষ্ঠানিক আমানতকারীদের মেয়াদি/স্থায়ী বা শরিয়াহভিত্তিক ৩ মাস মেয়াদি আমানত মেয়াদপূর্তি অথবা কার্যকর তারিখ (২৯ ডিসেম্বর, ২০২৫), যাহা পরে সংঘটিত হয়, সেই তারিখ হতে স্বয়ংক্রিয়ভাবে ৩ বার নবায়নের পর আমানত পরিশোধ প্রসঙ্গে।

আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআরডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০৯ আগস্ট, ২০২৬ এর মাধ্যমে জারিকৃত ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত), অনুসারে অ-প্রাতিষ্ঠানিক আমানতকারীদের মেয়াদি/স্থায়ী বা শরিয়াহভিত্তিক ৩ মাস মেয়াদি আমানত মেয়াদপূর্তি অথবা কার্যকর তারিখ (২৯ ডিসেম্বর, ২০২৫), যাহা পরে সংঘটিত হয়, সেই তারিখ হতে স্বয়ংক্রিয়ভাবে ৩ বার নবায়নের পর আমানত পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পরিপালনের জন্য প্রদান করা হলো:

- ১) কোনো মেয়াদি/স্থায়ী বা শরিয়াহভিত্তিক অনুরূপ হিসাবের বিপরীতে সংশ্লিষ্ট গ্রাহকের নামে মুদারাবা সঞ্চয়ী/আল-ওয়াদিয়া চলতি/মুদারাবা এসএনডি হিসাব না থাকলে, উক্ত মেয়াদি/স্থায়ী হিসাব নগদায়নের সময় আবশ্যিক ভাবে গ্রাহকের নামে সংশ্লিষ্ট হিসাব খুলতে হবে।
- ২) উল্লিখিত আমানতকারীদের/গ্রাহকের নিকট থেকে আবেদনপত্র (সংযুক্ত) গ্রহণ করতে হবে।
- ৩) যথাযথ ভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত আবেদনপত্র ব্যতীত কোনো গ্রাহককে কোনো ধরনের আমানতের অর্থ পরিশোধ করা যাবে না।
- ৪) কোনো গ্রাহকের মেয়াদি আমানত এবং সংশ্লিষ্ট মুদারাবা সঞ্চয়ী/আল-ওয়াদিয়া চলতি/মুদারাবা এসএনডি হিসাব ভিন্ন ভিন্ন শাখায় পরিচালিত হলে, মেয়াদি আমানতের অর্থ উত্তোলনের জন্য গ্রাহককে শুধু মাত্র যে শাখায় মেয়াদি আমানতটি রক্ষিত রয়েছে, সেই শাখায় আবেদন করতে হবে।
- ৫) আমানতকারীর আবেদনপত্রের তথ্যাদি সংশ্লিষ্ট ব্যাংক ইউনিটের **Portal** এ সঠিক ও নির্ভুলভাবে নিয়মিত এন্ট্রি করতে হবে, অথবা নির্ভুল রিপোর্টিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬) আবেদনপত্র গ্রহণ করার পরবর্তী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আবেদনকৃত আমানত গ্রাহকের দায় (যদি থাকে) সমন্বয় সাপেক্ষে পরিশোধের ব্যবস্থা করতে হবে, তবে সক্ষমতা অনুযায়ী তাৎক্ষণিক আমানত প্রদান বিবেচনা করা যাবে (গ্রাহকের দায়, যদি থাকে, সমন্বয় সাপেক্ষে)।
- ৭) যে কোন পেমেন্ট এর পূর্বে অবশ্যই গুরুত্বের সাথে যাচাই করতে হবে যে, মহামান্য আদালতের কোন আদেশ, দুদক, বিএফআইইউ, কাস্টমস্, এনবিআর, আইন প্রয়োগকারী সংস্থা বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা বিদ্যমান আছে কিনা। Freeze বা জব্দ করা থাকলে উক্ত একাউন্ট এর পেমেন্ট কোন অবস্থাতেই করা যাবে না। এছাড়াও আমানতকারীর সংশ্লিষ্ট মুদারাবা সঞ্চয়ী/আল-ওয়াদিয়া চলতি/মুদারাবা এসএনডি হিসাবটি Dormant অবস্থায় থাকলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক গ্রাহককে পেমেন্ট করতে হবে।
- ৮) এছাড়া আমানত পরিশোধের সময় প্রযোজ্য AML/CFT Guideline এবং ব্যাংকের প্রচলিত সকল নীতিমালা, নির্দেশনা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৯) গ্রাহকের আমানত পরিশোধের ক্ষেত্রে যথাসম্ভব নগদ অর্থের ঝুঁকি সম্পর্কে গ্রাহককে অবহিত করে BACH/BEFTN/RTGS/NPSB-এর মাধ্যমে অর্থ স্থানান্তর করার জন্য গ্রাহককে পরামর্শ প্রদান করতে হবে।

চলমান পাতা-২



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ SAMMILITO ISLAMI BANK PLC.

(State-owned Shariah-based Bank)

পাতা-২

সার্কুলার লেটার নং-এসআইবি/অপস/২০২৬/০০২(সংশোধিত)

- ১০) মেয়াদি আমানতের অর্থ সংশ্লিষ্ট গ্রাহকের সংশ্লিষ্ট শাখায় বিদ্যমান মুদারাবা সঞ্চয়ী/আল-ওয়াদিয়া চলতি/মুদারাবা এসএনডি হিসাবে স্থানান্তর করতে হবে এবং পরবর্তীতে উক্ত মুদারাবা সঞ্চয়ী/আল-ওয়াদিয়া চলতি/মুদারাবা এসএনডি হিসাব হতে মেয়াদি আমানতের আবেদনের প্রেক্ষিতে গ্রাহককে উক্ত অর্থ উত্তোলনের সুযোগ প্রদান করা যাবে, সঞ্চয়ী হিসাব হতে আমানত উত্তোলনের জন্য পৃথক আবেদনের প্রয়োজন হবে না। এক্ষেত্রে Online Cheque Payment-এর প্রয়োজন হলে, যথাযথ বিবরণসহ ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা থেকে নিশ্চিত হতে হবে।
- ১১) আমানত উত্তোলনের আবেদন গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট শাখাকে শাখার সংরক্ষিত নথিপত্র এবং Sammilito Islami Bank PLC. এর ৫ ইউনিটের Information Technology Division কর্তৃক প্রস্তুতকৃত “Investment Account Searching System” Portal এ উক্ত গ্রাহকের এনআইডি (NID) এর মাধ্যমে দায় এর তথ্য যাচাই করে নিশ্চিত হতে হবে যে, সংশ্লিষ্ট আমানতকারীর হস্তান্তরকারী ব্যাংকসমূহের - এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ পিএলসি, ইউনিট, ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট, গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট এবং ইউনিয়ন ব্যাংক পিএলসি, ইউনিট এর যেকোনো একটিতে আমানতের বিপরীতে কোনো বিদ্যমান দায় রয়েছে কি না। যদি এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ পিএলসি, ইউনিট, ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট, গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিট এবং ইউনিয়ন ব্যাংক পিএলসি, ইউনিট - এ দায় থাকে তবে সংশ্লিষ্ট ইউনিটের বিনিয়োগ বিভাগ এর পূর্ব অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়ে গ্রাহককে আমানতের অর্থ প্রদান করা যাবে। এখানে উল্লেখ্য যে, বিআরডি সার্কুলার লেটার নং-০২ তারিখ ৩১ আগস্ট, ২০২৬, এর ধারা ২ এর ২.৩ অনুসারে দায় সমন্বয় (net off) করার ক্ষেত্রে সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি, এর Investment Circular no. Sammilito/HO/INV/2026/04 dated 20/09/2026 যথাযথ ভাবে পরিপালন করতে হবে।
- ১২) উপরে উল্লেখিত ব্যাংক সমূহের বিনিয়োগ সুবিধা সংশ্লিষ্ট কোন বিষয়ে ব্যাংক রেজল্যুশন আইন ২০২৬ এর অধীনে কোন দায়ী ব্যক্তিকে আমানত উত্তোলন সুবিধা প্রদান করা যাবে না।
- ১৩) AIT, Excise Duty ও অন্যান্য চার্জ/ফি গ্রাহকের হিসাব থেকে প্রচলিত নিয়ম অনুযায়ী আদায় করতে হবে।

এ ছাড়াও এসআইবি বিশেষ সার্কুলার স্মারক নং: এসআইবি/অপস/২০২৬/০০১ তারিখ ৩০ আগস্ট, ২০২৬ এবং বিআরডি সার্কুলার লেটার নং-০২ তারিখ ৩১ আগস্ট, ২০২৬ এ বর্ণিত নির্দেশনা অনুসারে ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত) এর অধীনে অ-প্রাতিষ্ঠানিক (ব্যক্তি শ্রেণীর একক ও যৌথ) আমানতকারীদের অর্থ উত্তোলনের সুবিধা প্রদান কার্যক্রম চলমান থাকবে।

উল্লেখ্য যে, গ্রাহকদের অর্থ প্রদানের পূর্বে অবশ্যই শাখা কর্তৃপক্ষকে নিভুলভাবে যাচাইবাছাই করে অর্থাৎ ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট (বিআরডি) কর্তৃক জারিকৃত বিআরডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০৯ আগস্ট, ২০২৬ ও বিআরডি সার্কুলার লেটার নং-০২ তারিখ ৩১ আগস্ট, ২০২৬ এবং প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে প্রেরিত নির্দেশনার আলোকে দায়িত্বশীলতার সাথে গ্রাহকের আমানতের অর্থ প্রদান করতে হবে। এর ব্যত্যয় হলে শাখা কর্তৃপক্ষের উপর সম্পূর্ণ দায়ভার বর্তাবে।

পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য বিশেষভাবে নির্দেশ প্রদান করা হলো।

ধন্যবাদান্তে।

এ. এফ. সাক্বির আহমদ
উপ ব্যবস্থাপনা পরিচালক এবং
প্রধান সমন্বয়ক, অপারেশনস্

মেয়াদি আমানত উত্তোলনের আবেদন

তারিখ: ইং

বরাবর

ব্যবস্থাপক

সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি

..... ইউনিট

..... শাখা

গ্রহণের তারিখ : ----/----/-----

ক্রমিক নং :

গ্রহণকারীর স্বাক্ষর

বিষয়: ৩ মাস মেয়াদি/স্থায়ী আমানত (৩ বার নবায়নকৃত) উত্তোলনের আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পূর্বে ব্যাংক পিএলসি-এর নিয়মিত আমানতকারী ছিলাম। আমি/আমরা অবগত আছি যে, গত ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে ব্যাংক পিএলসি-এর সম্পদ ও দায়সমূহ প্রযোজ্য আইন এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থা অনুযায়ী সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি-তে হস্তান্তরিত হয়। ফলস্বরূপ, সংশ্লিষ্ট আমানতের ক্ষেত্রে আমি/আমরা বর্তমানে সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি-এর আমানতকারী হিসেবে গণ্য ও বিবেচিত হইতেছি।

বাংলাদেশ ব্যাংক এর, বিআরডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০৯ আগস্ট, ২০২৬ এর মাধ্যমে জারিকৃত ব্যাংক রেজুলেশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১১(৫)(খ) অনুযায়ী আমার/আমাদের ৩ মাস মেয়াদি/স্থায়ী আমানত হিসাব ইতোমধ্যে ৩ বার নবায়ন হইয়াছে এবং আমি/আমরা এ অর্থ পাওয়ার যোগ্য। অতএব, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত কার্যপদ্ধতি অনুসরণপূর্বক, আমি/আমরা নিম্নবর্ণিত ৩ মাস মেয়াদি/স্থায়ী আমানত (৩ বার নবায়নকৃত) এর সম্পূর্ণ অর্থ উত্তোলন করার জন্য আবেদন করিতেছি।

উক্ত আমানতের সম্পূর্ণ অর্থ এই আবেদনপত্র গ্রহণের তারিখ হইতে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে, অথবা ব্যাংক কর্তৃক নির্ধারিত ও প্রযোজ্য কার্যপদ্ধতি অনুযায়ী, প্রদান করার জন্য অনুরোধ করিতেছি। উক্ত অর্থ আমাকে/আমাদের নগদ অথবা আমার/আমাদের ব্যাংকের শাখায় পরিচালিত নং হিসেবে স্থানান্তর করার অনুরোধ করিতেছি। এ সংক্রান্ত ফর্ম এতদসঙ্গে সংযুক্ত করা হইলো (প্রযোজ্য ক্ষেত্রে)।

আমানতের বিবরণ:

৩ মাস মেয়াদি/স্থায়ী আমানত হিসাব নং :

আমানতের পরিমাণ : টাকা.....

হিসাব খোলার তারিখ :/...../..... মেয়াদ পূর্তির তারিখ:...../...../.....

আমি/আমরা শপথপূর্বক হলফ করিয়া এই মর্মে ঘোষণা ও অঙ্গীকার করিতেছি যে, দায় ও সম্পদ হস্তান্তরকারী ব্যাংকসমূহ, যথা: এক্সিম ব্যাংক পিএলসি, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি, গ্রোবাল ইসলামী ব্যাংক পিএলসি ও ইউনিয়ন ব্যাংক পিএলসি-তে আমার/আমাদের নিম্নবর্ণিত বিনিয়োগ জনিত দায় ব্যতীত অন্য কোন প্রকার দায়, দেনা বা আর্থিক বাধ্যবাধকতা নাই।

আমি/আমরা আরো ঘোষণা করিতেছি যে, আমি/আমরা উল্লিখিত ব্যাংক সমূহের বিনিয়োগ সংশ্লিষ্ট কোন বিষয়ে ব্যাংক রেজুলেশন আইন ২০২৬ এর অধীনে দায়ী ব্যক্তি বিবেচিত বা গণ্য নই।

আমি/আমরা সম্পূর্ণ জ্ঞাতসারে আরও সম্মতি প্রদান করিতেছি যে, নিম্নবর্ণিত দায়ের পরিমাণ আমার/আমাদের উপরোল্লিখিত আমানত বাবদ প্রাপ্য অর্থ হইতে সমন্বয় বা কর্তন করা হইবে এবং উক্ত দায় সমন্বয় বা কর্তনের পর অবশিষ্ট অর্থ আমাকে/আমাদেরকে উপরোল্লিখিত উপায়ে হস্তান্তর করা হইবে।

ক্রমিক নং	ব্যাংক ও শাখার নাম	বিনিয়োগ হিসাব নং	দায়/বিনিয়োগের পরিমাণ
১			
২			

আমি/আমরা এতদ্বারা নিশ্চিত করিতেছি যে, উপরোল্লিখিত তথ্য সমূহ সঠিক। অতএব আমার/আমাদেরকে আবেদন বিবেচনায় নিয়ে আমাকে/আমাদেরকে উপরোল্লিখিত আমানত উত্তোলনের ব্যবস্থা করার জন্য বিনীতভাবে অনুরোধ করিতেছি।

অনুমোদিত/হিসাবধারীর স্বাক্ষর :

হিসাবের নাম :

হিসাব নম্বর :

জাতীয় পরিচয়পত্র নং:

মোবাইল নম্বর :